তারিখ 0 6 JUL 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

আজকের কাগজ

184

# ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ ফিরে আনতে সরকার ব্যর্থ হয়েছে

## শেখ হাসিনা

আওয়ামী লীগ সভানেত্রী এবং সংসদের বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা সরকারের বিরুদ্ধে অভিযোগ এনেছেন যে, সরকার শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে এবং জনগণের মৌলিক চাহিদা পূরণে ব্যর্থ হয়েছে। শেখ হাসিনা বলেন, "ক্যাম্পাসে এখনও রক্ত ঝরছে এবং সরকার অস্ত্রবাজদের প্রশ্রয় দিচ্ছে। ফলে ভবিষ্যৎ প্রজন্মের শিক্ষা জীবন অন্ধকারে নিমজ্জিত।" গতকাল দুপুরে রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে "সাবাস বাংলাদেশ" নামে এক বিশাল ছাত্র সমাবেশে ভাষণদানকালে শেখ হাসিনা উপরোক্ত কথাগুলো বলেন। খবর ইউএনবি।

তিনি প্রশ্ন করেন, একটি গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরও কিভাবে অস্ত্রবাজি এবং সন্ত্রাস শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে টিকে থাকে।

সম্প্রতি রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে জামাত-শিবিরের হামলার তীব্র নিন্দা করে তিনি বলেন, সরকারের সমর্থন ছাড়া স্বাধীনতা বিরোধী এই অপশক্তি কোনোক্রমেই এই পৈশাচিক হামলার সাহস পেত না। আওয়ামী লীগ সভানেত্রী স্বৈরাচারী এরশাদ সরকারের আমলের রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৬০ জন ছাত্র নেতার বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহার এবং ১৭ জন বিশ্ববিদ্যালয় কর্মচারিকে পুনর্বহালের দাবি জানান। তিনি নয় বছরের স্বৈরাচার বিরোধী আন্দোলনের কথা স্মরণ করে বলেন, বর্তমান সরকার কষ্টার্জিত গণতন্ত্রের ভবিষ্যতকে হুমকির মুখে ঠেলে দিয়েছে।

শেখ হাসিনা বলেন, "এই নবজাত গণতন্ত্র নামক শিশুটিকে যাদের ওপর দেখা-শোনার দায়িত্ব দেয়া হয়েছে তারা তা লালন-পালনের সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। সরকারি দলের কারণে কষ্টার্জিত এই গণতান্ত্রিক শিশুটি এখন বিকলাঙ্গ হয়ে পড়েছে।"

শেখ হাসিনা গণতান্ত্রিক আন্দোলনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষকদের ভূমিকা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন। তিনি বলেন, ১৯৬৯-এর আন্দোলন এবং '৭১-এর স্বাধীনতা যুদ্ধে এই বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকরা বীরোচিত ভূমিকা পালন করেছিলো।

এরপর আওয়ামী লীগ নেত্রী স্থানীয় জুবিরী হাউজে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন। ডঃ ওয়াজেদ আলীর সভাপতিত্বে এ বৈঠকে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন অধ্যাপক শহিদুল আলম, ডঃ হাসান আজিজুল হক এবং অধ্যাপক আব্দুল খালেক।

এর আগে শেখ হাসিনা রাজশাহী বিমান বন্দরে পৌছুলে পার্টির কর্মী ও সমর্থকরা শেখ হাসিনাকে উষ্ণ অভ্যর্থনা জানিয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিয়ে যায়। তিনি শহীদ মিনার এবং শহীদ ডঃ সামসুজ্জোহা ও ছাত্রনেতা মোস্তফা এলাহীর স্মৃতিস্তম্ভে ফাতেহা পাঠ করেন।

বিকেলে সাহেব বাজার চত্বরে এক বিশাল সমাবেশে শেখ হাসিনা বলেন, জাতীয় সংসদে গোলাম আযমের বিচার ও ২৪ জনের বিরুদ্ধে মামলা প্রত্যাহারের যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে তা বাস্তবায়ন না করলে বিএনপি সরকার জাতীয় বেঈমান হিসেবে আখ্যায়িত হবে। রাজশাহী সিটি আওয়ামী লীগ সভাপতি মোহাম্মদ মনিরুজ্জামানের সভাপতিত্বে এ জনসভায় আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা বেগম সাজেদা চৌধুরী এবং যুগ্ম-সম্পাদক আমীর হোসেন আমু ও বক্তৃতা করেন খবর ইউএনবি।